

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

এস্টাবলিশমেন্ট অব “ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)” প্রকল্প

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত্র) ঢাকা-১২০৫

web: www.banbeis.gov.bd, email: crvs_ieims@banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৫৯.১৮(পার্ট-০১)/IEIMS- ১৩৬২

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯
৩১ অক্টোবর ২০২২

বিষয়: CRVS ব্যবস্থার আলোকে শিক্ষার্থীদের প্রোফাইল ডেটাবেজ তৈরি ও ইউনিক আইডি প্রদান সংক্রান্ত ডাটা এন্ট্রির জন্য পূর্ণ:নির্ধারিত সময়সীমা।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সকল বিভাগের জন্য ডাটা এন্ট্রির সময়সীমা ১৫ নভেম্বর ২০২২ তারিখ পূর্ণ:নির্ধারিত করা হলো। Software এ ২০২২ সালে ষষ্ঠ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির Option তৈরি করা হয়েছে। উল্লিখিত তারিখের মধ্যে ২০২২ সালের ষষ্ঠ ও একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর Data Entry সম্পন্ন করতে হবে।

২। এমতাবস্থায়, ২০২১ সালের যেসমস্ত শিক্ষার্থীর Data Entry ও Upload সম্পন্ন হয় নাই সেসমস্ত শিক্ষার্থীসহ ২০২২ সালের ষষ্ঠ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীদের Data ১৫ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে Entry ও Upload সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ২০২২ সালের ষষ্ঠ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীদের Data Entry এর জন্য শিক্ষার্থী ফরমের Page-1 এ শিক্ষার্থী তথ্যছক ২০২১ এর উপরে “বছর নির্বাচন করুন” এই বক্সে ২০২২ নির্বাচন করলে ২০২২ সালের এন্ট্রি ফরম প্রদর্শিত হবে। ফরমে প্রদর্শিত তথ্যসমূহ ২০২১ এর ন্যায় পূরণ করতে হবে।
- যেসমস্ত শিক্ষার্থীর মাতা অথবা পিতার NID নেই তাদের মাতা অথবা পিতাকে NID জরুরীভিত্তিতে সংগ্রহপূর্বক Data Entry করতে হবে।
- এখন পর্যন্ত যেসকল শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন নাই উপজেলা ও প্রতিষ্ঠান ভিত্তিক সেসকল শিক্ষার্থীর শ্রেণিভিত্তিক তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- যেসকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সংক্রান্ত কাজ নিবন্ধক অফিসে প্রক্রিয়াধীন রয়েছে তাদের সংখ্যা/তালিকা crvs_ieims@banbeis.gov.bd ইমেইল এ জরুরীভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট

.....
.....



(ড. মো: নাসির উদ্দিন গনি)

উপ-প্রকল্প পরিচালক

myaudri75@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, (সমন্বয় ও সংস্থার), মন্ত্রিপরিষদ বিভাগ;
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৪. মহাপরিচালক, ব্যানবেইস;
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৬. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৭. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৯. চিফ ফাইন্যান্স ও একাউন্টস অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
১০. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
১১. জেলা শিক্ষা অফিসার সকল জেলা (নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠান পর্যায়ে Data Entry কার্যক্রম শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ);
১২. সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস (পত্রটি Web Site এ Upload করার জন্য অনুরোধ করা হলো);
১৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার/সহকারী প্রোগ্রামার (প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পত্রটি বিতরণ ও অবহিতকরণ পূর্বক Data Entry ও Upload কার্যক্রম শেষ করা নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো এবং যেসকল শিক্ষা প্রতিষ্ঠান বর্ণিত কাজে এখনও সহযোগিতা করছে না সেসকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নাম ও মোবাইল নম্বর প্রকল্প কার্যালয়ে দ্রুততার সাথে প্রেরণের জন্য অনুরোধসহ);
১৪. অফিস নথি।